গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইন্সট্রাক্টরের কার্যালয়
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
urcharina@gmail.com



## *উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব ফরম (২০২৩)*

| ক্রঃ নং | সাধারণ তথ্যাবলী | |
|---|---|---|
| ১ | আবেদনকারীর নাম | প্রশিত কুমার বিশ্বাস |
| ২ | আবেদনকারী প্রতিষ্ঠানের নাম | উপজেলা রিসোর্স সেন্টার (ইউআরসি) |
| ৩ | ঠিকানা | হরিণাকুন্ডু, ঝিনাইদহ। |
| ৪ | ফোন/মোবাইল নম্বর | ০১৭১৯-৬৩৭৮১১ |
| ৫ | ই-মেইল | deoproshit@gmail.com |
| | প্রকল্প প্রস্তাবনা | |
| ৬ | প্রকল্পের নাম | Integrated Primary Education Management Information System বা IPEMIS এ তথ্য এন্ট্রি হাতে-কলমে প্রশিক্ষণ প্রকল্প। |
| ৭ | প্রকল্পের সারাংশ (অনধিক ৫০ শব্দে) | অত্র হরিণাকুন্ডু উপজেলার সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ১জন করে (আইসিটি প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক) শিক্ষককে প্রাথমিক শিক্ষা অধিদপ্তে IPEMIS সফটওয়ারে বিদ্যালয়ের এবং শিক্ষকদের সকল তথ্য এন্ট্রিকরণ শেখানো। যা বিদ্যালয়ের এবং শিক্ষকদের তথ্য সমূহ হালফিল রাখতে এবং উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মত সকল তথ্য তাৎক্ষনিকভাবে প্রদান করতে সহায়ক হবে। |
| ৮ | প্রকল্পের যৌক্তিকতা | বাংলাদেশের প্রতিটি উপজেলার প্রায় সকল প্রাথমিক বিদ্যালয়ে সরকার কর্তৃক লাপটপ সরবরাহ করা হয়েছে । তা ছাড়াও ল্যাপটপ প্রাপ্ত বিদ্যালয়ের প্রায় সকল বিদ্যালয় থেকে ১জন বা ২জন করে শিক্ষককে আইসিটি ইন এডুকেশন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে । উক্ত প্রশিক্ষণের মাধ্যমে তারা শুধুমাত্র শ্রেণি কার্যক্রম চালানোর জন্য কন্টেন্ট প্রস্তুত করতে শিখেছে । প্রতিটি বিদ্যালয়ের এবং প্রতিটি শিক্ষকের হালনাগদ তথ্য IPEMIS আপলোড করার কথা থাকলেও শিক্ষকরা সেটা করতে পারেন না। বাধ্য হয়ে তাদেরকে বিভিন্ন ব্যবসায়িক প্রতিষ্ঠান হতে সেগুলো করতে হয় এবং পরবর্তীতে ব্যবসায়িক প্রতিষ্টান কর্তৃক যে পাসওয়ার্ড সরবরাহ করেন সেটাও তারা মনে রাখতে বা সংরক্ষণ করতে পারনে না । IPEMIS বিদ্যালয়ের এবং শিক্ষকদের তথ্য এন্ট্রি প্রকল্প বাস্তাবায়ন করা হলে প্রত্যেক বিদ্যালয় হতে ১ জন শিক্ষককে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করতে পারলে প্রতিটি বিদ্যালয়ের তথ্য তারা নিজে নিজে ওয়েব সাইটে আপলোড করতে পারবেন । উক্ত প্রকল্প গ্রহন করলে ডিজিটাল বাংলাদেশ গড়ায় প্রাথমিক শিক্ষা পরিবার আরো একধাপ এগিয়ে যাবে। সামগ্রিক ভাবে প্রাথমিক শিক্ষার গুণগত মানকে অনেক এগিয়ে নিয়ে যাবে। |
| ৯ | প্রকল্পের সুবিধাভোগী | উপজেলার প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক তথা প্রাথমিক শিক্ষা |
| ১০ | সংক্ষেপে প্রকল্পের ফলাফল (Output) | প্রতিটি বিদ্যালয় হতে একজন শিক্ষককে প্রশিক্ষিত করার মাধ্যমে সকল প্রাথমিক বিদ্যালয়ের তথা প্রাথমিক শিক্ষার সকল তথ্য ডিজিটালাইলেশন নিশ্চিত হবে । |
| ১১ | প্রাথমিক শিক্ষায় প্রকল্পের প্রস্তাব (Impact) | শিক্ষক প্রশিক্ষণের মাধ্যমে প্রাথমিক শিক্ষার তথ্যসমূহ ডিজিটালাইলেশন। |
| ১২ | প্রকল্পের মেয়াদ (মাস) | # প্রতিব্যাচ = ২৭ জন<br># মোট ব্যাচ =৫টি<br># মোট বিদ্যালয় (১৩৫ টি)<br># প্রতি ব্যাচের মেয়াদ = ০৫দিন |
| ১৩ | পূর্বে আপনার জানামতে এই বিষয় কোন প্রকল্প আছে কিনা? | নাই। |

(প্রশিত কুমার বিশ্বাস)
ডাটা এন্ট্রি অপারেটর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

সালমা আক্তার
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

| ক্রঃ নং | সাধারণ তথ্যাবলী | |
|---|---|---|
| ১৪ | সংক্ষেপে কর্মপরিকল্পনা (বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকল্প প্রস্তাবনার সাথে সংযুক্ত করুন) | প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ০১ জন করে শিক্ষককে মোট ২৭জনের ০১ ব্যাচে ইউআরসির প্রশিক্ষণ কক্ষে প্রশিক্ষণ প্রদান।<br># প্রতি বিদ্যালয় থেকে আগ্রহী ও পূর্বদক্ষতার ভিত্তিতে নির্ধারিত ২৭ জন শিক্ষক নিয়ে এ কার্যক্রম শুরু হবে।<br># প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪টা পর্যন্ত একার্যক্রম সম্পন্ন করা হবে।<br># তাত্ত্বিকজ্ঞান ও ব্যবহারিক অনুশীলনের মাধ্যমে এ কার্যক্রম এগিয়ে যাবে।<br># প্রশিক্ষক হিসেবে ইউআরসির ইন্সট্রাক্টর ও দক্ষ ডাটা এন্ট্রি অপারেটর প্রশিক্ষণ প্রদান করবেন।<br># প্রশিক্ষণ শেষে বিদ্যালয় পর্যায়ে কিভাবে বাস্তবায়ন করবে তার জন্য একটি বাস্তবায়ন নির্দেশিকা দেওয়া হবে । |
| ১৫ | কর্ম পরিকল্পনার উল্লেখ যোগ্য ধাপ সমূহঃ | ধাপ-১ঃ প্রধান শিক্ষকের মাধ্যমে প্রতিটি বিদ্যালয় থেকে আগ্রহী ও আইসিটি পারদর্শী একজন শিক্ষক বাছাই করণ।<br>ধাপ-২ঃ বাছাইকৃত শিক্ষকবৃন্দকে উপজেলা শিক্ষা অফিসার মহোদয় কর্তৃক প্রশিক্ষণের জন্য ডেপুটেশন গ্রহণ।<br>ধাপ-৩ঃ সুপারিনটেনডেন্ট পিটিআই কর্তৃক ইন্সট্রাক্টর কে প্রশিক্ষক হিসেবে কাজ করার অনুমতি ও ইন্সট্রাক্টর মহোদয় কর্তৃক ডাটা এন্ট্রি অপারেটরকে প্রশিক্ষক নির্ধারণ ।<br>ধাপ-৪ঃ প্রশিক্ষণ পরবর্তী শিক্ষকের কার্যক্রম তদারকি ও সৃষ্ট জটিলতা নিরসনে সহায়তা দান। |
| ১৬ | কি কারণে এই প্রকল্পটিকে উদ্ভাবনী (সময়,খরচ ও ভিজিটের আলোকে) বলে গণ্য করা হবে (সংক্ষেপে বর্ণনা) করুন। | প্রতিটি বিদ্যালয়ের একজন মাত্র শিক্ষকের এ প্রকল্পের আওতায় এনে সুবিধা মত সময়ে হাতে কলমে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিদ্যারয়ের এবং শিক্ষকগণের ব্যক্তিগত তথ্য সুরক্ষা হবে বলে এটি একটি উদ্ভাবনী প্রকল্প হিসেবে গণ্য করা যায়। |
| ১৭ | প্রকল্পটি কি সম্প্রসারণ যোগ্য? | হ্যাঁ |
| ১৮ | প্রকল্পটি কিভাবে টেকসই হবে? (সংক্ষেপে ব্যাখা করুন) | প্রকল্পটি টেকসই করার লক্ষ্যে প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থীদের ন্যূনতম প্রশিক্ষণ ভাতাও প্রশিক্ষণ সামগ্রী ব্যবস্থা করে প্রশিক্ষণ প্রদান করে পরবর্তীতে বাস্তবায়নে সহায়তা করতে হবে। অতঃপর সামগ্রিক কার্যক্রম ক্ষণে ক্ষণে সুপারভিশন করতে হবে; তবে অবশ্যই প্রকল্পটি টেকসই ও স্থায়ী হবে। |
| ১৯ | প্রকল্পটি বাস্তবায়নে কি কি ঝুকির সম্ভবনা আছে? কিভাবে তা নিরসন করা হবে? | কোন ঝুকির সম্ভাবনা নেই। |
| জনবল পরিকল্পনা | | |
| ২০ | প্রকল্পটি বাস্তবায়নে জনবল পরিকল্পনা (কতজন, কিকাজে কত দিন নিয়ুক্ত থাকবেন?) | প্রশিক্ষকঃ-০২জন, প্রশিক্ষণার্থী প্রতিব্যাচে = ২৭জন, সাপোর্ট সার্ভিস-০১জন, মোট শিক্ষক=১৩৫জন, মোট ব্যাচ=৫টি, মোট দিন ৫ × ৫=২৫দিন সর্বমোট জনবল= ১৩৮ জন |
| প্রয়োজনীয় বাজেট (সর্বোচ্চ ১০৪৪০০ টাকা) | | |
| ২১ | জনবল বাজেট (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রযোজ্য নয়। |
| ২২ | বাস্তবায়নবাজেট (প্রযোজ্য ক্ষেত্রে) | প্রকল্পেরে সম্ভাব্য বাজেট (ব্যাচ প্রতি) — নিচের সারণি দ্রষ্টব্য |

**প্রকল্পেরে সম্ভাব্য বাজেট**

**(ব্যাচ প্রতি)**

| ক্র:নং | খরচের খাত | একক | দিন | সংখ্যা (জন) | পরিমাণ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | প্রশিক্ষক খাবার ভাতা | ২৮০.০০ | ৫ | ০২ | ২৮০০.০০ | ১ ব্যাচের ব্যয় |
| ২. | প্রশিক্ষণার্থী খাবার ভাতা | ২৮০.০০ | ৫ | ২৭ | ৩৭৮০০.০০ | |
| ৩. | সাপোর্ট সার্ভিস খাবার ভাতা | ২৮০.০০ | ৫ | ১ | ১৪০০.০০ | |
| ৪. | প্রশিক্ষণ সহায়ক উপকরণ | ১০০.০০ | ১ | ২৭ | ২৭০০.০০ | |
| ৫. | প্রশাসনিক ব্যয় | ১০০০.০০ | ১ | - | ১০০০.০০ | |
| | সর্বমোট ঃ পঁয়তাল্লিশ হাজার সাতশত টাকা মাত্র | | | | ৪৫৭০০.০০ | |
| | ৫ব্যাচের মোট ব্যয় ঃ ৫ ×৪৫৭০০.০০ | | | | ২,২৮,৫০০.০০ | ৬ ব্যাচের ব্যয় |

প্রকল্পের মোট ব্যয়ঃ দুইলক্ষ আঠাশ হাজার পাঁচশত টাকা মাত্র( ২,২৮,৫০০.০০)।

৩০/৮/২৩

সালমা আক্তার
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

(প্রশিত কুমার বিশ্বাস)
ডাটা এন্ট্রি অপারেটর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

| প্রস্তাবনার সাথে প্রয়োজনীয় সংযুক্তি (ঐচ্ছিক) (প্রদান করলে টিক দিন) | | |
|---|---|---|
| ২৩ | খাত ভিত্তিক ব্যয় বিভাজন (প্রদান করলে টিক দিন) | √ |
| ২৪ | জনবল পরিকল্পনা (বিস্তারিত) | প্রযোজ্য নয়। |
| ২৫ | সময় অবদ্ধ কর্মপরিকল্পনা (বিস্তারিত) | প্রকল্প শুরু থেকে ১ মাস। |
| ২৬ | প্রত্যাশিত ফলাফল ও প্রভাব (বিস্তারিত) | প্রকল্পটি বাস্তবায়িত হলে প্রতিটি বিদ্যালয়ের ও প্রতিটি শিক্ষকের নিজস্ব তথ্য সুরক্ষিত থাকার পাশাপাশি মানসম্মত প্রাথমিক শিক্ষা বাস্তবায়নের মাধ্যমে সোনার বাংলা গড়ে তুলতে সহায়ক হবে। |
| ২৭ | অন্যান্য (বিষয় লিখুন) | |

(প্রশিত কুমার বিশ্বাস)
ডাটা এন্ট্রি অপারেটর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।

সালমা আক্তার
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
হরিণাকুন্ডু, ঝিনাইদহ।